গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা।

নং অম/অসবি/সঞ্চয়/এস-১৮/২০০৩/ তারিখঃ ....-১১-২০০৮খ্রিঃ / .....-০৭-১৪১৫বঃ

প্রজ্ঞাপন

প্রিমিয়াম বন্ড ও ইনভেস্টমেন্ট বন্ডে বাংলাদেশে বিনিয়োগকারী বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) নির্বাচন সংক্রান্ত নীতিমালা

The U.S. Dollar Premium Bond Rules, 2002 এবং The US Dollar Investment Bond Rules,2002 এর আওতায় অনাবাসী বাংলাদেশী এবং বাংলাদেশের বংশদ্ভূত বিদেশী নাগরিকত্ব গ্রহণকারীদের উপার্জিত ১ (এক) মিলিয়ন বা তদূর্ধ মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা স্বদেশে বিনিয়োগকারীদেরকে Commercially Important Person (সিআইপি) নির্বাচনের লক্ষ্যে সরকার এতদ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথাঃ-

০১। শিরোনাম।--- এই নীতিমালা " বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড) নির্বাচন নীতিমালা-২০০৮" নামে অভিহিত হইবে।

০২। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশী এবং বাংলাদেশের বংশদ্ভূত কিন্তু বিদেশে নাগরিকত্ব গ্রহণকারী) দের শ্রেণীবিন্যাস ও সংখ্যা।--- বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশী এবং বাংলাদেশের বংশদ্ভূত কিন্তু বিদেশে নাগরিকত্ব গ্রহণকারী) অতঃপর সিআইপি বলিয়া উল্লিখিত, নির্বাচনের শ্রেণীবিন্যাস ও সংখ্যা হইবে নিম্নরূপ, যথাঃ-

নিম্ন বর্ণিত শ্রেণীতে।

ক্রমি নং	নির্বাচনের শ্রেণীবিন্যাস
(১)	ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এর ক্ষেত্রে ১ মিলিয়ন বা তদূর্ধ মার্কিন ডলার বিনিয়োগকারী
(২)	ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ক্ষেত্রে ১ মিলিয়ন বা তদূর্ধ মার্কিন ডলার বিনিয়োগকারী

০৩। সিআইপি নির্বাচনের যোগ্যতা ও অযোগ্যতাঃ

(ক) যোগ্যতাঃ ইউএস ডলার প্রিমিয়াম বন্ড রুলস-২০০২ এর বিধি-১৪(৪) এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড রুলস-২০০২ এর বিধি-১৪ অনুযায়ী ১ মিলিয়ন বা তদূর্ধ মার্কিন ডলার বিনিয়োগকারীগণ সিআইপি নির্বাচনের জন্য বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আবেদন করিবেন।

(খ) অযোগ্যতাঃ

(১) ঋণখেলাপীগণ ও কর খেলাপীগণ সিআইপি (ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে বিনিয়োগকারী) নির্বাচনের জন্য বিবেচিত হইবেন না। আবেদনকারীগণ ঋণ খেলাপী ও কর খেলাপী কি-না, বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ড তা নিশ্চিত করিবে। সিআইপি নির্বাচনের পর কেউ ঋণ খেলাপী ও কর খেলাপী হইলে, তিনি তৎক্ষণিকভাবে সিআইপির মর্যাদা হারাইবেন;

চলমান পাতা-০২

(২) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত অথবা অন্য কোন কারণে অবাঞ্ছিত বিবেচিত ব্যক্তি সিআইপি হওয়ার যোগ্য হইবেন না। তবে সাজা ভোগ করার ০৫ (পাঁচ) বছর অতিবাহিত হওয়ার পর সাজাপ্রাপ্ত ব্যক্তি সিআইপি নির্বাচনের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন;

(৩) সিআইপি হিসেবে আবেদনকারী ভুল/মিথ্যা তথ্য প্রদান করিলে এবং উহা প্রমাণিত হইলে তাহাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং ঐ আবেদনকারী পরবর্তী ০৩ বৎসর সিআইপি নির্বাচনের জন্য আবেদন করিতে পারিবেন না। ইহা ছাড়া সিআইপি নির্বাচিত হওয়ার পর তৎ কতৃক প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হইলে তাঁহার মনোনয়ন বাতিল করা হইবে;

(৪) সিআইপি আবেদনপত্রে আবেদনকারীকে তাঁহার পিতা ও মাতার পূর্ণ নাম , TIN উল্লেখ করিতে হইবে এবং ইহাতে কোন অবস্থাতেই সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাইবে না। কোন প্রকার সংক্ষিপ্ত নাম ব্যবহার করিলে (যথা গোলাম মাওলা খান নাম এর পরিবর্তে জি এম খান লিখলে) তাঁহার আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে; এবং

(৫) সিআইপি তালিকা প্রশাসনিক মন্ত্রণালয়ের বাছাই কমিটির (অনুচেছদ-৪ দ্রষ্টব্য) সুপারিশসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার পর নতুন কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না। calendar.

সিআইপি নির্বাচনঃ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ নিম্নোক্ত কমিটির মাধ্যমে সিআইপি বাছাই করিবেঃ

(ক) বাছাই কমিটিঃ

১)	যুগ্ম-সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	সভাপতি
২)	বাংলাদেশ ব্যাংকের একজন প্রতিনিধি	সদস্য
৩)	পরিচালক, জাতীয় সঞ্চয় পরিদপ্তর	সদস্য
৪)	উপ-সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	সদস্য-সচিব

সিআইপি নির্বাচন সংক্রান্ত অন্যান্য তথ্যাবলীঃ

১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বাছাই কমিটি কর্তৃক সুপারিশের ভিত্তিতে সিআইপি নির্বাচন করা হইবে;

২) সিআইপি'দের তালিকা চূড়ান্ত করার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের ছাড়পত্র/মতামত গ্রহণ করিতে হইবে। এক মাসের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ছাড়পত্র ও জাতীয় রাজস্ব বোর্ডের মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট সিআইপিদের বিরুদ্ধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার কোন অভিযোগ নাই বলিয়া বিবেচিত হইবে;

৩) একই ব্যক্তি ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে বিনিয়োগের ক্ষেত্রে সিআইপি নির্বাচনের জন্য বিবেচিত হইলে বাছাই কমিটি যে কোন একটি বন্ডের বিনিয়োগ বিবেচনায় তাঁহাকে সিআইপি

০৬। প্রজ্ঞাপন জারীঃ

এই নীতিমালার আওতায় ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে বিনিয়োগকারীগণের মধ্য হইতে নির্বাচিত সিআইপিগণের তালিকা অভ্যন্তরীণ সম্পদ বিভাগ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ সরকারী গেজেটে প্রকাশ করিবে।

০৭। সিআইপি সংক্রান্ত সুযোগ-সুবিধাঃ

(ক) নির্বাচিত সিআইপিগণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাইবেনঃ

১) ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে বিনিয়োগকারীগণের মধ্য হইতে নির্বাচিত সিআইপিগণকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক সরকার অনুমোদিত পরিচয়পত্র প্রদান করা হইবে;

২) সিআইপিগণ সিআইপি কার্ডের মেয়াদকাল পর্যন্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পত্র পাইবেন;

৩) দেশে ও বিদেশে উচ্চপদস্থ কর্মকর্তাদের সংগে বৈঠকে সিআইপিগণ অগ্রাধিকার পাইবেন;

৪) সিআইপিগণ বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ও সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সম্বর্ধণা এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমুহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত হইবেন;

৫) সিআইপিদের ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেলপথ, সড়ক ও জলপথে সরকারী যানবাহনে আসন সংরক্ষণে অগ্রাধিকার পাইবেন;

৬) একজন সিআইপি'র ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশ ভ্রমণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ভিসা প্রাপ্তির নিমিত্তে সংশ্লিষ্ট দুতাবাসকে Letter of Introduction ইস্যু করিবে;

৭) সিআইপিগণ তাঁহাদের স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারী হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন; এবং

৮) সিআইপিগণ বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার এবং স্পেশাল হ্যান্ডলিং-এর সুবিধা পাইবেন।

(খ) সিআইপি কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার এক সপ্তাহের মধ্যে উহা অভ্যন্তরীণ সম্পদ বিভাগে জমা দিতে হইবে।

(গ) সিআইপিগণকে প্রদত্ত সুবিধাদি এক বছরের জন্য বহাল থাকিবে।

(ঘ) এই নীতিমালার আওতায় কোন বিনিয়োগকারী সিআইপি নির্বাচিত হওয়ার পর তাঁহার ক্রয়কৃত বন্ডের অংশ বিশেষ বা সমুদয় বন্ড নগদায়নের কারণে বিনিয়োগের সীমা ১ (এক) মিলিয়ন মার্কিন ডলারের নীচে নামিয়া গেলে উক্ত নির্বাচনের ৩ (তিন) মাসের মধ্যে তাঁহার সিআইপি সুবিধা বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঙ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ব্যক্তিকে প্রদত্ত সিআইপি সুবিধাদি প্রত্যাহার করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

০৮। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আবদুল মজিদ)
সচিব